



বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১  
ছিলিমপুর, বগুড়া



স্মারক নং-২৭.১২.১০২০.৫২৫.০১.০৩৮(OTM).২৩- ২৬ ০৫



তারিখ- ১৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
২৭ এপ্রিল ২০২৩ খ্রিঃ

### দরপত্র বিজ্ঞপ্তি

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	প্যাকেজ নং	বিবরণ	দরপত্র জামানতের পরিমাণ (টাকা)	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		
						গ্রহণ	খোলা	সিডিউল ক্রয় ও দাখিলের স্থান
০১	G.23-24.25.127	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম (০৪টি পৃথক গ্রাহক শ্রেণী)	৭২,০০০/-	১০০০/-	৩০/০৪/২৩খ্রিঃ তারিখ হতে ১১/০৫/২৩খ্রিঃ তারিখ অফিস চলাকালীন	১৪/০৫/২৩খ্রিঃ বেলাঃ ১১:৩০ ঘটিকা পর্যন্ত	১৪/০৫/২৩খ্রিঃ বেলাঃ ১১:৩৫ ঘটিকা	বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ সদর দপ্তর, ছিলিমপুর, বগুড়া অথবা পরিচালক, পঃ মঃ ও ব্যঃ পঃ (উঃঅঃ)পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

### শর্তাবলীঃ

- ১। অগ্রহী দরদাতাগণ বগুড়া পবিস-১ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে দরপত্র দলিল ক্রয়ের জন্য ছকে উল্লেখিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার সংযুক্ত করতঃ জেনারেল ম্যানেজার, বগুড়া পবিস-১ এর বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে বগুড়া পবিস-১ এর সদর দপ্তর, ছিলিমপুর, বগুড়া অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ/গ্রহন করা হবে না।
- ২। দরপত্রে বর্ণিত সময়সীমার মধ্যে বগুড়া পবিস-১ এর সদর দপ্তর, ছিলিমপুর, বগুড়া অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা বরাবর পৌঁছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। দরপত্রের সাথে বগুড়া পবিস-১ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ছকে উল্লেখিত পরিমাণ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র বর্ণিত সময়সূচী অনুযায়ী বগুড়া পবিস-১ এর সদর দপ্তর, বগুড়া এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ৩। দরপত্র দলিলের সহিত কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম এর ক্ষেত্রে দরদাতা প্রতিষ্ঠানের বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট, আয়কর, ব্যাংক সলভেন্সী ও অভিজ্ঞতা সনদপত্রের কপি দাখিল করতে হবে।
- ৪। দাখিলকৃত দরপত্র সমূহ যথাযথভাবে মূল্যায়নের পর সর্বোত্তমভাবে রেসপনসিভ ও সর্বনিম্ন দরদাতার অনুকূলে NOA/কার্যাদেশ প্রদানের মাধ্যমে মালামাল সংগ্রহ করা হবে। NOA/কার্যাদেশ প্রদানের সময় সরকারী ক্রয় নীতিমালা অনুযায়ী মালামাল সমূহের পরিমাণ কম/বেশী হতে পারে।
- ৫। সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। বিল হতে সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ৬। চুক্তি সম্পাদনের পূর্বে নিয়মানুযায়ী নিরাপত্তা জামানত প্রদান করতে হবে।
- ৭। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ ব্যাখ্যা প্রয়োজন হলে সে ক্ষেত্রে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে জেনারেল ম্যানেজার, বগুড়া পবিস-১ বরাবর লিখিতভাবে আবেদন জানাতে হবে।
- ৮। অগ্রহী দরদাতাগণ অফিস সময়ে(সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) বগুড়া পবিস-১, ছিলিমপুর, বগুড়া হতে অতিরিক্ত তথ্য/নমুনা সংগ্রহ করতে পারবেন।
- ৯। ক্রয়কারী সকল দরপত্র বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ মোনোয়ারুল ইসলাম ফিরোজী)  
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

### অনুলিপিঃ নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।  
(বিজ্ঞপ্তির শর্তানুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত দরপত্র গ্রহণের অনুরোধ করা হল)
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বিজ্ঞপ্তি বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)
- ০৩। জেলা প্রশাসক, বগুড়া।

- ০৪। পুলিশ সুপার, বগুড়া।  
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----পবিস-১/২/৩/৪।  
০৬। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, বগুড়া।  
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, বগুড়া।  
০৮। ডেপুটি জেনারেল ম্যানেজার কারিগরী/মোকামতলা/দুপচাঁচিয়া/কাহালু/নন্দীগ্রাম জোনাল অফিস, বপবিস-১।  
০৯। সহ-জেনারেল ম্যানেজার, (পীরব সাব-জোনাল/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ওএসএম/ইএসসি/মানব সম্পদ), বপবিস-১।  
১০। এজিএম(আইটি-১/২), বগুড়া পবিস-১। (অত্র পবিসের ওয়েব সাইট এবং বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিতকরণ)  
১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, বগুড়া পবিস-১।  
১২। অফিস কপি/মাস্টার কপি।

মোঃ মেনোয়ারুল ইসলাম ফিরোজী  
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

৪৬